

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২১৬৩

পর্ব-৮: কুরআনের মর্যাদা (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ خَبِيبٍ قَالَ: خَرَجْنَا فِي لَيْلَةِ مَطَرٍ وَظُلْمَةً شَدِيدَةً نَطَّلَبُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَذْرَكَنَا هُوَ فَقَالَ: «قُلْ». قُلْتُ مَا أُقُولُ؟ قَالَ: «(قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ) وَالْمُعْوَذَتَيْنِ حِينَ تُصْبِحُ وَحِينَ تُمْسِي ثَلَاثَ مَرَّاتٍ تَكْفِيكَ مِنْ كُلِّ شَيْءٍ». رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاؤِدَ وَالنَّسَائِيُّ

বাংলা

২১৬৩-[৫৫] 'আবদুল্লাহ ইবনু খুবায়ব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা একবার ঝড়-বৃষ্টি ও ঘনঘোর অঙ্ককারময় রাতে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খোঁজে বের হলাম এবং তাঁকে খুঁজে পেলাম। (তিনি আমাদেরকে দেখে) তখন বললেন, পড়ো! আমি বললাম, কি পড়বো (হে আল্লাহর রসূল!)? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, সকালে ও সন্ধ্যায় তিনবার করে কুল হওয়াল্ল-হু আহাদ, কুল আ'উয়ু বিরাবিল ফালাক ও কুল আ'উয়ু বিরাবিন্না-স পড়বে। এ সূরাহগুলো সকল বিপদাপদের মুকাবিলায় তোমার জন্য যথেষ্ট হবে। (তিরমিয়ী, আবু দাউদ ও নাসায়ী)[1]

ফুটনোট

[1] হাসান সহীহ : আবু দাউদ ৫০৮২, তিরমিয়ী ৩৫৭৫, নাসায়ী ৫৪২৮, আদ্দ দা'ওয়াতুল কাবীর ৪৫, সহীহ আত্ম তারগীব ৬৪৯, সহীহ আল জামি' ৪৪০৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে অনুসন্ধানের কারণ হলো তাঁকে নিয়ে সালাত আদায় করা। বর্ণনাকারী 'আবদুল্লাহ ইবনু খুবায়ব বলেন, (বৃষ্টিমুখের অঙ্ককার রাতের সকল অনিষ্টতা থেকে আত্মরক্ষার জন্য)

তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আমাকে সকাল-সন্ধ্যায় সূরা আল ইখলাস, সূরা আল ফালাক এবং সূরা আন-নাস পড়তে বললেন।

রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বাণী- (تَكْفِيرُ مِنْ كُلِّ شَيْءٍ) — এর ব্যাখ্যায় ‘আল্লামা তীবী
বলেন, تَدْفَعُ عَنْكَ كُلُّ سَوْءٍ অর্থাৎ- তোমা থেকে সকল প্রকার অনিষ্টতা দূর করবে, তোমাকে রক্ষা করবে। مِنْ
অব্যয়টি যাইদ্বারা বা অতিরিক্ত হিসেবে ব্যবহার হয়েছে। এটা জমহুর বা অধিকাংশের মত। مِنْ
ابتداء الغاية! প্রারম্ভিক স্থান বুবানোর জন্যও হতে পারে। কেউ কেউ এটাকে بعیض বা আংশিক অর্থেও হতে পারে বলে
উক্তি করেছেন। সর্বসাকুল্যে কথা হলো, তোমাকে এ সূরাহণলো পাঠে অন্যান্য সূরা থেকে অমুখাপেক্ষী করবে যা
পাঠ করে মানুষ ক্ষতিকর কোন কিছু থেকে বাঁচতে চায়।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পারলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56723>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন